দৈনিক বাংলা

তারিখ 19/4/79
পৃষ্ঠা 1 কলাম 4



# কয়েক দিনের মধ্যে অন্তর্বর্তী শিক্ষা রিপোর্ট পেশ

(স্টাফ রিপোর্টার)

জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদ প্রণীত অন্তবর্তীকালীন শিক্ষা রিপোর্ট আর কিছুদিনের মধ্যেই প্রেসিডেন্টের কাছে আনুষ্ঠানিকভাবে অর্পন করা হবে। ইতিমধ্যে চূড়ান্তভাবে গৃহীত হবার পর এই রিপোর্টটি মুদ্রনের কাজ শেষ হয়েছে।

জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের সদস্যগণ দেশের ভবিষৎ শিক্ষার যে রূপরেখা সুপারিশ করেছেন অর্থ মঞ্জুরী সাপেক্ষে তা অতি দ্রুত বাস্তবায়নের জন্য চেষ্টা করা হবে বলে শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে।